

বিশেষ অনুশীলন-(২) ২০২০ই

শ্রেণিঃ দশম
বিষয়ঃ কৃষি শিক্ষা
(সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোডঃ ১৩৪
পূর্ণমানঃ ৫০

সময়ঃ ১ ঘন্টা ১৫ মিনিট

[দু'টি প্রশ্নের উত্তর দাও] (45 marks)

- ১। রহিম সাহেবের গোলাপ বাগানে গাছের কচিপাতা ও ফুলের পাপড়ি ছিদ্র করে খাওয়া এবং গাছের বাকলে ছোট ছোট কালো দাগ দেখা যায়। পরে তিনি উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।
- ক. গোলাপের বংশবিস্তার পদ্ধতি লিখ। ১
খ. গোলাপ গাছের ডালপালা ছাঁটাইয়ের প্রয়োজনীয়তা কী? ২
গ. উদ্দীপকে উল্লেখিত রহিম সাহেবের গোলাপ বাগানে সমস্যাগুলো চিহ্নিত করে কীভাবে সমাধান করা যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. গোলাপ চাষে আত্মকর্মসংস্থান সম্ভব-কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪
- ২। নরসিন্দী জেলার অন্তর্গত খিদিরপুর গ্রামের কৃষক আমান ২ হেক্টর জমিতে কলা চাষ করেন। তিনি উন্নত জাতের কলার চারা/তেউড় সংগ্রহ করেন। স্থানীয় কৃষি কর্মকর্তার পরামর্শে তিনি জমিতে প্রয়োজনীয় সার প্রয়োগ করেন। এভাবে চাষ করে তিনি কলার ভালো ফলন পান।
- ক. কলার একটি ছত্রাক জনিত রোগের নাম লিখ। ১
খ. কলা চাষের জন্য কোন তেউড় উত্তম এবং কেন? ২
গ. আমানের কলার জমিতে পরিচর্যা মূলক কাজ সমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে কলা চাষের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

বহুনির্বাচনী প্রশ্ন : (30 marks)

- ১। গুচ্ছ মাথা রোগ কোন ফসলের?
(ক) আম (খ) পেয়ারা
(গ) কলা (ঘ) আমলকী
- ২। গোলাপ গাছের কর্তনকৃত ডালে সঠিক পরিচর্যার অভাবে কী হতে পারে?
(ক) বিটল পোকা (খ) পাউডারি মিলডিউ
(গ) রেডফ্লেস (ঘ) ডাইব্যাক
- ৩। ঘোড়াশাল কোন ফসলের জাত?
(ক) আম (খ) কাঁঠাল
(গ) কলা (ঘ) আনারস
- ৪। কলার তেউড় কত রকম হয়?
(ক) ১ (খ) ২
(গ) ৩ (ঘ) ৪
- ৫। সাকারের মাধ্যমে কোনটির বংশবিস্তার করা হয়?
(ক) আনারস (খ) কলা
(গ) আদা (ঘ) হলুদ
- ৬। কোন ফুলকে ফুলের রানী বলা হয়?
(ক) সূর্যমুখী (খ) গোলাপ
(গ) বেলি (ঘ) জবা
- ৭। কালো দাগ পড়া রোগ কী জাতীয়?
(ক) ব্যাকটেরিয়া (খ) ছত্রাক
(গ) ভাইরাস (ঘ) শৈবাল
- ৮। গোলাপ গাছ কোনটি সহ্য করতে পার না?
(ক) জলাবদ্ধতা (খ) খরা
(গ) শৈত্য (ঘ) অনাবৃষ্টি
- ৯। মাটির উপরের স্তর থেকে কত সেমি উপরে বেলি ফুলের গাছ ছাঁটাই করতে হয়?
(ক) ১০ (খ) ১৫
(গ) ২০ (ঘ) ৩০
- ১০। কলার চারা রোপণের মৌসুম কয়টি?
(ক) ১টি (খ) ৬টি
(গ) ৩টি (ঘ) ৪টি
- ১১। পানামা রোগের লক্ষণ কী?
(ক) গাছের পাতা হলুদ হয়ে যায়
(খ) কান্ড পড়ে যায়
(গ) পাতায় বাদামী রঙের দাগ পড়ে
(ঘ) পাতা ঝড়ে পড়ে
- ১২। নিচের কোনটি বেলি ফুলের বংশ বিস্তার পদ্ধতি নয়?
(ক) দাবা কলম (খ) গুটি কলম
(গ) ডাল কলম (ঘ) চোখ কলম
- ১৩। কলায় ফুল আসার সময় শতকরা কতভাগ ইউরিয়া প্রয়োগ করতে হয়?
(ক) ১০% (খ) ২৫%
(গ) ৫০% (ঘ) ৭৫%
- ১৪। গোলাপের চারা রোপণের কতদিন আগে মাটি গর্ত করতে হয়?
(ক) ৫দিন (খ) ৭দিন
(গ) ১২দিন (ঘ) ১৫দিন
- ১৫। কলা চাষের জন্য কোন তেউড় দুর্বল?
(ক) অসি তেউড় (খ) মুকুট তেউড়
(গ) পানি তেউড় (ঘ) ভুঁয়ে তেউড়
- ১৬। বেলি ফুলের বংশবিস্তারের মাধ্যম-
i. বীজ ii. দাবাকলম iii. গুটিকলম
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
- ১৭। কোন রোগে আক্রান্ত শিং ও মাণ্ডুর মাছের আরোগ্যের জন্য পুকুরে কী কী প্রয়োগ করতে হবে?
(ক) ইউরিয়া (খ) গোবর
(গ) খৈল ও চিটাগুড় (ঘ) চুন ও লবন
- নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:
কামাল তার প্রতিবেশী সাবিদের কলার চাষ দেখে কলা চাষের প্রতি আগ্রহী হলো। তাই সে স্থানীয় বাজার থেকে কলার চারা ক্রয় করে কলার বাগান গড়ে তোলে এবং লাভবান হয়।
- ১৮। কামালের ক্রয়কৃত কলার চারাকে কী বলে?
(ক) বীজ (খ) সাকার
(গ) কাটিং (ঘ) গুটিকলম

- ১৯। এ ধরনের চারার বৈশিষ্ট্য হলো—
i. মাতৃগাছ থেকে নতুন চারাগাছ বের হয়
ii. বৃদ্ধির প্রথম পর্যায়ে মাতৃগাছ থেকে খাদ্য গ্রহণ করে
iii. মাতৃগাছ থেকে থেকে আলাদা করলে মারা যায়
 নিচের কোনটি সঠিক?
 (ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
 (গ) *ii* ও *iii* (ঘ) *i*, *ii* ও *iii*
- ২০। পাখনা ও লেজ পচারোগের কারণ কী?
 (ক) ব্যকটেরিয়া (খ) ভাইরাস
 (গ) পরজীবী (ঘ) ছত্রাক
- ২১। টেংরা ও পাবদা মাছ বছরে কতবার ডিম দেয়?
 (ক) ১বার (খ) ২বার
 (গ) ৩বার (ঘ) ৪বার
- ২২। প্রানীজ আমিষের শতকরা কতভাগ মাছ থেকে আসে?
 (ক) ৫০ ভাগ (খ) ৬০ ভাগ
 (গ) ৮০ ভাগ (ঘ) ৯০ ভাগ
- ২৩। কোন মাছ রক্তস্বল্পতা দূর করে?
 (ক) পাবদা (খ) গুলশা
 (গ) শিং (ঘ) কৈ
- ২৪। শিং ও মাগুর মাছের পাখনা পচা রোগ দমনের উপায় কী?
 (ক) চুন প্রয়োগ করে (খ) সার প্রয়োগ করে
 (গ) রোটেনন প্রয়োগ করে (ঘ) পুকুরের পানি কমিয়ে

- ২৫। কোনগুলো জিওল মাছ?
 (ক) রুই-কাতলা (খ) শিং-মাগুর
 (গ) রুই-চিতল (ঘ) মলা-ঢেলা
- ২৬। শিং মাছের উপকারিতা নিচের কোনটি?
 (ক) এ মাছ সহজলভ্য
 (খ) এ মাছ মানুষের রক্তস্বল্পতা দূর করে
 (গ) মানুষের বলবর্ধন কমিয়ে দেয়
 (ঘ) রোগবালাই বেশি হয়
- ২৭। কোন মাছ দ্রুত বর্ধনশীল?
 (ক) পাবদা (খ) রুই
 (গ) চাঁদা (ঘ) কাতলা
- ২৮। মলা, ঢেলা ও কাচকি মাছে প্রচুর পরিমাণে কোন ভিটামিন পাওয়া যায়?
 (ক) ভিটামিন 'এ' (খ) ভিটামিন 'বি'
 (গ) ভিটামিন 'সি' (ঘ) ভিটামিন 'ডি'
- ২৯। মাছের কাঁটায় প্রচুর পরিমাণে কোনটি পাওয়া যায়?
 (ক) লৌহ (খ) ক্যালসিয়াম
 (গ) আয়োডিন (ঘ) শর্করা
- ৩০। বাংলাদেশে মোট জনগোষ্ঠীর শতকরা প্রায় কতভাগ মৎস্য সেক্টরে নিয়োজিত?
 (ক) ৭ (খ) ৯
 (গ) ১১ (ঘ) ১৩